

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৫.১৬.

তারিখ:

১৭ পৌষ ১৪২৫
৩১ ডিসেম্বর ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোছা: ফাতেমা হক (২৩৬৩১), প্রভাষক (রসায়ন), শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ গত ২২/০৭/২০১৫ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশটি তার বর্তমান কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে তিনি বিদেশে আছেন বিধায় নোটিশ ফেরত আসে। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়। তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হলে নোটিশের জবাব আসেনি এবং ফেরত আসেনি।

যেহেতু, জনাব মোছা: ফাতেমা হক এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপ পূর্বক একই বিধি মালার ৪(৩)(গ) অনুযায়ী “চাকরি হতে অপসারণ (Removal from Service)” করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে;

জনাব মোছা: ফাতেমা হক-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপ পূর্বক একই বিধি মালার ৪(৩)(গ) অনুযায়ী “চাকরি হতে অপসারণ (Removal from Service)” করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ৩১.১২.২০১৮
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব


স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৫.১৬.

তারিখ:

১৭ পৌষ ১৪২৫
৩১ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোছা: ফাতেমা হক এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
- ৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ৯। জনাব মোছা: ফাতেমা হক (২৩৬৩১), প্রভাষক (রসায়ন), শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ।


(জাকিয়া খানাম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬